

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১১২.২০১৭-১২৮৫

তারিখ : ২৫ অক্টোবর ২০১৭

বিষয়: যশোর জেলার চৌগাছা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের অনুমতি প্রদান।
সূত্র : উপজেলা পরিষদ কার্যালয়, চৌগাছা, যশোর-এর স্মারক নং-উপকা/চৌগাছা-৪৫; তারিখ: ২৩ আগস্ট ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, (ক) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, যশোর এর কারিগরি প্রতিবেদন অনুযায়ী পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ ও এতদসংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে ১২,৭৫,২০৯/- (বার লক্ষ পঁচাত্তর হাজার দুইশত নয়) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
০১	চৌগাছা উপজেলা পরিষদ চত্তরে গাড়ি ধোয়ার র‍্যাম্প নির্মাণ।	১,৮৭,৭৯৩/-
০২	চৌগাছা উপজেলা পরিষদ চত্তরে প্রাণিসম্পদ অফিসের সামনে থেকে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ।	৪,৫৩,৩৫০/-
০৩	চৌগাছা উপজেলা পরিষদ চত্তরে হলরুমের বারান্দায় গ্রীল ও টাইলস স্থাপন।	৪,৪৯,৬০৭/-
০৪	চৌগাছা উপজেলা পরিষদ চত্তরে উপজেলা প্রকৌশলীর অফিসে কর্মচারীদের ব্যবহারের জন্য টয়লেট নির্মাণ।	১,৮৪,৪৫৯/-
সর্বমোট=		১২,৭৫,২০৯/-

(খ) উপজেলা কৃষি অফিস, উপজেলা সমবায় অফিস ও উপজেলা যুব উন্নয়ন অফিস ভবনগুলো কোন কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত হয়েছে এবং উক্ত ভবনগুলোর রক্ষণাবেক্ষণ কোন কর্তৃপক্ষের মাধ্যমে সম্পাদিত হয় তা জানানোর জন্য অনুরোধ করা হলো;

(গ) উপজেলা পরিষদের অডিটরিয়ামে কি কি আসবাবপত্র বিদ্যমান রয়েছে এবং বিগত পাঁচ বছরে রাজস্ব তহবিলের নির্ধারিত অর্থ দ্বারা কি কি আসবাবপত্র ক্রয় করা হয়েছে সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো;

(ঘ) গার্ড শেড ব্যতিত মেইন গেট মেরামতের প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির কারিগরি প্রতিবেদন গ্রহণ করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

J. Amin
25/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চৌগাছা, যশোর।

অনুলিপি :

১। জেলা প্রশাসক, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।

৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।